গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি অনুবিভাগ

**বিষয়ঃ ওয়েবসাইটে প্রশ্ন-উত্তর (Frequently Asked Question) রাখার ব্যবস্থা সংক্রান্ত।**

সূত্রঃ এ বিভাগের আইসিটি অধিশাখা ১২/১১/২০২২ তারিখের ৫৭.০০.০০০০.০২২.০৮.০০৩.১৭.৩৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কারিগরি অনুবিভাগ সংশ্লিষ্ট নিম্নেবর্ণিত প্রশ্ন-উত্তর পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

| প্রশ্ন | উত্তর |
|---|---|
| ১। কারিগরি শিক্ষা বলতে কি বুঝায়? | উত্তর: বৈজ্ঞানিক গবেষণা হতে প্রাপ্ত ফলাফল মানবকল্যাণে ব্যবহারের যে 'কলাকৌশল তা'-ই কারিগরি শিক্ষা। |
| ২। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করতে চাই। করণীয় কি? | উত্তর: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর ওয়েবসাইট বা তথ্য বাতায়ন www.bteb.gov.bd-তে প্রবেশ করুন। |
| ৩। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা অধিদপ্তর এর মধ্যে পার্থক্য কি? | উত্তর: বোর্ড কারিগরি শিক্ষার প্রসার ও গুণগত মানের টেকসই উন্নয়নে দায়বদ্ধ। অন্যদিকে অধিদপ্তর দেশব্যাপি কারিগরি শিক্ষার সাথে সম্পৃক্ত জনবল ও সম্পদের সুষ্ঠু প্রশাসন ও ব্যবস্থাপনায় অঙ্গীকারাবদ্ধ। |
| ৪। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কি? | উত্তর: এটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ১টি বিভাগ। বাংলাদেশে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত যাবতীয় নীতি-নির্ধারণী কার্যক্রম ও আইন-বিধি-বিধান প্রণয়নসহ সামগ্রিক প্রশাসন ও ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত। বিভাগের নির্বাহী প্রধান সচিব যিনি মাননীয় উপমন্ত্রী ও মন্ত্রীর তত্ত্বাবধানে কাজ করে থাকেন। কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) ও বাংলাদেশকে মাদ্রাসা শিক্ষা বোর্ড-এই ৬টি প্রতিষ্ঠান কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সরাসরি নিয়ন্ত্রণাধীনে বাস্তবায়ক সংস্থা হিসেবে কাজ করে থাকে। |
| ৫। বাংলাদেশের বিজ্ঞান ও প্রযুক্তি ও প্রকৌশল সংক্রান্ত বিশ্ববিদ্যালয়গুলো কি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন? | উত্তর: না। এগুলো শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অপর বিভাগ (মাধ্যমিক ও উচ্চশিক্ষা)-এর আওতাভুক্ত। তবে ইঞ্জিনিয়ারিং কলেজগুলো কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিয়ন্ত্রণভুক্ত। |
| ৬। কারিগরি শিক্ষাক্রম ও কোর্সগুলো কি কি? | উত্তর: এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম/বিএমটি), বিএসসি ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স বা পেশামূলক বিভিন্ন শর্টকোর্স। বিস্তারিত জানতে ভিজিট করুন www.bteb.gov.bd। |
| ৭। কারিগরি সনদের সঠিকতা কিভাবে যাচাই করবো? | উত্তর: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর ওয়েবসাইট www.bteb.gov.bd-প্রবেশ করে কর্মকর্তা তালিকায় সংশ্লিষ্টের সাথে কথা বলুন। |
| ৮। কোনো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সরকার অনুমোদিত কিন তা' কিভাবে বুঝবো? | উত্তর: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রদর্শিত প্রতিষ্ঠান তালিকায় নাম থাকলেই কেবল উক্ত প্রতিষ্ঠানটি সরকার অনুমোদিত। |
| ৯। কারিগরি শিক্ষা সংক্রান্ত যে কোনো অভিযোগ কিভাবে দাখিল করবো? | উত্তর: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট www.grs.gov.bd-তে অভিযোগ পেশ ও সেমতে প্রতিকারের ব্যবস্থা আছে। সেখানে অভিযোগের পাশাপাশি গঠনমূলক পরামর্শ ও উপস্থাপনের সুযোগ আছে। |

| | |
|---|---|
| ১০। কারিগরি শিক্ষা ব্যবস্থা সম্পর্কিত কোনো হটলাইন নম্বর আছে কি? | উত্তর: নেই। তবে শীঘ্রি তা' চালু করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট www.tmed.gov.bd-তে প্রকাশ করা হবে। |
| ১১। কারিগরি শিক্ষা সম্পর্কিত প্রতিষ্ঠানগুলোর নামকরণ কিভাবে করা হয়? | উত্তর: কারিগরি শিক্ষা প্রদানকারী সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোর নামে 'পলিটেকনিক', 'মনোটেকনিক', 'ইঞ্জিনিয়ারিং কলেজ', 'টেকনোলজি', 'কম্পিউটার' ইত্যাদি সাধারণ টেকনিক্যাল টার্মগুলো ব্যবহার করতে হবে। |

(মোঃ মহসিন)
অতিরিক্ত সচিব
টেলিফোনঃ ৫৫১০০৪২২
ইমেইল: dstech3@tmed.gov.bd

সিস্টেম এনালিস্ট
আইসিটি অধিশাখা
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

ইউ. ও. নোট নং-৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০২.২২.২৭৬

তারিখঃ ৩০ কার্তিক, ১৪২৯ / ১৫ নভেম্বর, ২০২২

**অনুলিপি: সদয় অবগতির জন্য:**

০১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. অফিস কপি।